উপজেলা পরিষদ কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর।

মে/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ হ'ল রুম, কমলনগর।

সভার তারিখ ও সময় ঃ ১৯.০৫.২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'লঃ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। অত:পর সভাপতি চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব ডাঃ মীর মোঃ আমিনুল ইসলাম মঞ্জু সভাকে জানান যে, নমুনা সংগ্রহ ৩৯৬৪ টি, ফলাফল ৩৯৬৪ টি, পজিটিভ ৬৬৯ টি, নেগিটিভ ৩২৯৫ ফলাফল পেন্ডিং ২ টি।করোনা টিকা ১ম ডোজ প্রদান ১,৮৪,৮৯৪ জন, ২য় ডোজ প্রদান ১,৭১,১১২ জন এবং ৩য় ডোজ প্রদান ১৬,২৪০ জন। ৩য় ডোজ পেন্ডিং ৫৫৪২০ জন (যাদের ম্যাসেজ প্রদান করা হয়েছিল ৩য় ডোজ টিকা দেওয়ার জন্য)। করোনা উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেন ৭ জন, সংগ্রহিত নমুনার ফলাফল সবগুলো নেগিটিভ, অর্থাৎ করোনা আক্রান্ত ছিলেন না। গত এপ্রিল/২০২২ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ নরমাল ডেলিভারী ৩৮ জন মা ও নবজাতক সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সকল সুযোগ সুবিধা রয়েছে, প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শোভাবৃদ্ধির কাজ চলমান রয়েছে। হাসপাতালে জীন এক্সপার্ট ও ডিজিটাল এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। জীন এক্সপার্ট টেকনিশিয়ান আছেন এবং চালু রয়েছে। ফ্লু কর্ণার (জ্বর, সর্দি, কাশি, শ্বাস কষ্ট) রোগীর সংখ্যাঃ ৯৮ জন, বহিঃ বিভাগঃ ৭৫৫৬ জন, জরুরী বিভাগঃ ৫৪৬ জন, ভর্তি রোগী ৬২৯ জনকে যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৯.০০ টা হইতে ৩.০০ টা পর্যন্ত খোলা রেখে কার্যক্রম চলমান রয়েছে। | ১। স্বাস্থ্য বিভাগে রোগীদের চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। করোনা ভাইরাস পরিস্থিতিতে উপজেলায় করোনা রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ মিজানুর রহমান সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত:পর তিনি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদান সম্পর্কিত পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি এপ্রিল/২০২২ খ্রিঃ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহিতাঃ মহিলা বন্ধ্যাকরন ০০ জন, পুরুষ বন্ধ্যাকরন ০০ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ ইমপ্লান্ট ০০ জন, আইইউডি ৩২ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি বিতরন ৬১১০ সাইকেল, কনডম বিতরন ৭০০৭ পিস, ইনজেকটেবল ৩১১২ ভায়াল, মিসোপ্রোস্টল ৩০৭ ডোজ, প্রসবসেবা ১৩৫ জন, সাধারন রোগী ১৭৫৮ জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি ৩৪৬০৪ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ২৫৮১৬ জন, পদ্ধতি গ্রহনকারীর হার ৭৪.৬০%। উপজেলায় উঠান বৈঠকের সংখ্যা ৬৯ টি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ঔষধ সরবরাহ স্বাভাবিক আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>আশ্রয়ন প্রকল্পের প্রতিবেদনঃ চরঠিকা আশ্রয়ন প্রকল্পে পরিবারের সংখ্যা ১০০ জন, পরিবারের সদস্য সংখ্যা ৩৮২ জন, সক্ষম দম্পতি ৭৬ জন, স্থায়ী পদ্ধতি গ্রহনকারী ০০ জন, ইমপ্লান্ট গ্রহনকারী ০০ জন, আইইউডি গ্রহনকারী ০০ জন, অস্থায়ী পদ্ধতি গ্রহনকারী ৪৬ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ৪৬ জন, অগ্রহনকারী ৩০ জন। | ১। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম বৃদ্ধিসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহনের অনুরোধ করা হয়।<br>৩। উঠান বৈঠকে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।<br>৪। আশ্রয়ন প্রকল্পে পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট (পরিশিষ্ট-'গ') প্রস্তুত করা হয়েছে। তা অনুমোদনের জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার ও প্রশাসনিক ভবনের পানির লাইন, বৈদ্যুতিক ও ইলেকট্রিক্যাল মালামাল ক্রয় ও মেরামত কাজ বাবদ ৪৮,৫০০/- টাকা ব্যয় হয়েছে। উক্ত বিল পরিশোধের জন্য সভায় অনুরোধ করেন। তিনি আরো জানান যে, ক) উপজেলা আনসার সেড, কিচেন রুম ও স্যানিটরী কাজ বাবদ ৯০,৫৬৪/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয় খ) উপজেলা চেয়ারম্যান অফিস কক্ষ মেরামত বাবদ ১,৪৮,৮৩৬/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয় গ) উপজেলা হল রুম, গেজেটেড ও নন গেজেটেড কোয়ার্টার এবং ডরমেটরী ভবনের মেরামত কাজ বাবদ ২,০০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়। প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি/রাজস্ব উন্নয়ন ২০২১--২২ অর্থ বছরের অর্থায়নে প্যাকেজ নং- ADP/UZP/KOMO/2021-22/09/A এর কাজ ক) সিরাজ মিয়া জামে মসজিদ সংলগ্ন টয়লেট নির্মাণ, ওয়ার্ড নং-১, তোরাবগঞ্জ ইউনিয়ন, প্রাক্কলিত মূল্য ১৩৭৯৮৫.০০/-টাকা খ) ক্বারী ফজলুল হক জামে মসজিদ সংলগ্ন টয়লেট নির্মাণ, ওয়ার্ড নং-১, তোরাবগঞ্জ ইউনিয়ন, প্রাক্কলিত মূল্য ১৩৭৯৮৫.০০/- টাকা। উক্ত প্রকল্প দুটি ইতোমধ্যে জেলা পরিষদের অর্থায়নে বাস্তবায় হয়েছে বিধায় একই অর্থ বছরে একই ইউনিয়নের ক) রতন রোডে গাজির বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মান , ২নং ওয়ার্ড খ) দুলাল রোডে সিরাজ মিয়ার বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মান, ৩নং ওয়ার্ড, প্রকল্প দুটি ২৭৫৯৭০/- টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জন্য নতুন আসবাবপত্র ক্রয় করা একান্ত প্রয়োজন। তাই তিন লক্ষ টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটি অনুমোদনের জন্য সভায় অনুরোধ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সভায় ব্যাপক আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>৩। সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার ও প্রশাসনিক ভবনের পানির লাইন, বৈদ্যুতিক ও ইলেকট্রিক্যাল মালামাল ক্রয় ও মেরামত কাজ বাবদ ৪৮,৫০০/- টাকার বিল ২০২১-২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। সভায় ব্যাপক আলোচনান্তে ক) উপজেলা আনসার সেড, কিচেন রুম ও স্যানিটরী কাজ বাবদ ৯০,৫৬৪/- টাকা খ) উপজেলা চেয়ারম্যান অফিস কক্ষ মেরামত বাবদ ১,৪৮,৮৩৬/- টাকা গ) উপজেলা হল রুম, গেজেটেড ও নন গেজেটেড কোয়ার্টার এবং ডরমেটরী ভবনের মেরামত কাজ বাবদ ২,০০,০০০/- টাকা। উক্ত প্রাক্কলনগুলো সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। দ্রুত কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। চলতি ২০২১-২২ অর্থ বছরে অর্থ সংকুলান না হওয়ায় ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত তিনটি প্রকল্পের বিল পরিশোধ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। সভায় আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি/রাজস্ব উন্নয়ন ২০২১-২২ অর্থ বছরের অর্থায়নে প্যাকেজ নং- ADP/UZP/KOMO/2021-22/09/A এর কাজ দুটি জেলা পরিষদের অর্থায়নে ইতোমধ্যে বাস্তবায়ন হওয়ায় তার পরিবর্তে ক) রতন রোডে গাজির বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মান, ২নং ওয়ার্ড খ) দুলাল রোডে সিরাজ মিয়ার বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মান, ৩নং ওয়ার্ড, প্রকল্প দুটি ২৭৫৯৭০/- টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। সভায় ব্যাপক আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জন্য নতুন আসবাবপত্র ক্রয় করার জন্য তিন লক্ষ টাকার প্রাক্কলনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উক্ত প্রকল্পটি RFQ প্রক্রিয়ার মাধ্যমে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। কৃষক উঠান বৈঠক নিয়মিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলনগর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা শিক্ষা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কমলনগর |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র কমলনগর উপজেলার অনুকূলে খাদ্য | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কমলনগর |

| | | | |
|---|---|---|---|
| | মন্ত্রনালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২২-৭২ তারিখ ১৯/০৪/২০২২খ্রিঃ ও ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২২-৭৪ তারিখ ২৮/০৪/২০২২খ্রিঃ ও ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪২৯.২২.-৯৬ তারিখ২৮/০৪/২০২২ খ্রিঃ মূলে অভ্যন্তরীন বোরো সংগ্রহ মৌসুমে মোট ২৬১.০০০ মেঃ টন ধান ৮১.০০০ মেঃ টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। প্রতি কেজি ধানের মূল্য ২৭/- (সাতাশ) টাকা এবং সিদ্ধ চালের মূল্য ৪০ (চল্লিশ) টাকা নির্ধারণ করা হয়েছে। ধান ও চাল সংগ্রহের সময়সীমা আগামী ৩১/০৮/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। | ২। লক্ষমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ আলমগীর হোসেন সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মে/২০২২খ্রিঃ প্রাপ্ত মূল ঋণ তহবিল ৩৫,৪১,০০০/-টাকা, মোট ঋণ তহবিল ৪২,৬৬,৪৮১/-টাকা, চলতি মাসে বিতরণ ৩,৮০,০০০/-টাকা, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ২০,১০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৫৬,৯৫,০০০/-টাকা, মোট ঋণী সংখ্যা ২৯৭ জন, চলতি মাসে আদায় যোগ্য ২,০৯,৪৫০/-টাকা, চলতি মাসে আদায়কৃত ১,৮৩,১০০/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ১,২৬,৯২,০২৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত ১,১৬,৯৫,৩২৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯২%। চলতি বছরে প্রশিক্ষণ ৪২০ জন। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৪,৪১০ জন। ক্রমপুঞ্জিত আত্নকর্মীর সংখ্যা ২,৬৯৪ জন। | ১। ঋণ আদায় কার্যক্রম চলমান রেখে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলনগর |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিআর, কাবিটা, কাবিখা কার্যক্রম এর তদারকি কাজ চলমান রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলনগর |
| ১০ | প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় মে/২০২২ মাসের সম্প্রসারণ সমূহ-গবাদি পশুর চিকিৎসা-১১৮৫ টি, পোল্ট্রি চিকিৎসা-৫৩৭০ টি, গবাদি পশুর টিকাদান-৪১৭০ টি, পোল্ট্রি টিকাদান-৬৩,০০০ টি, কৃত্রিম প্রজনন-৩৩৫ টি। | ১। প্রাণি চিকিৎসা ও টিকাদান কর্মসূচী যথাযথ প্রক্রিয়ায় সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১১ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্ক ভাতা ৮৩৯০ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ৬৩১৬ জন, প্রতিবন্ধী ভাতা ৩১৫৯ জন ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ৭১ জনের ৪র্থ কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদন গ্রহণ কাজ চলমান রয়েছে। প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কাজ চলমান রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমবায় বিভাগের নিবন্ধিত সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় ১১৪ টি। ২০২০-২১ সনে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮১ টি। মার্চ/২২ পর্যন্ত সমিতির অডিট সম্পাদন করা হয়েছে ৮১ টি, অডিট সম্পাদনের হার ১০০%। পরিদর্শন/তদারকি ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব ধার্য ১৪,০৮০/- টাকা। আদায়কৃত ১৪,০৮০/- টাকা। আদায়ের হার ১০০%। রাজস্ব খাতে প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ সমাপ্ত পুরুষ, মহিলা ৫২ জন। চর ঠিকা আশ্রয়ন-২ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ৫৫.২০ লক্ষ টাকা। আদায়যোগ্য ঋণ ৫৩.৩৬ লক্ষ টাকা। মে/২২ পর্যন্ত আদায়ের পরিমান ৪১.৫৯ লক্ষ টাকা, আদায়ের হার ৭৫%। প্রকল্প দপ্তরে সার্ভিস চার্জ প্রেরণ ৯৬,৩৮৫/-টাকা। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় সমবায় অংশঃ ক) প্রকল্পে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা-৬০ টি, সমিতি গঠনের সংখ্যা-৬০ টি। প্রকল্প প্রশিক্ষণ সমাপ্তঃ এক দিনের প্রশিক্ষণ-২৬৪০ জন। তিন দিনের বিশেষ প্রশিক্ষণ ১৮০ জন। আইজিএ প্রশিক্ষণ মহিলা ৪০ জন ও পুরুষ ৮০ জন। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলনগর |
| ১৩ | নার্সারী বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কমলনগর |
| ১৪ | আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৫ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মে/২০২২ মাসে জাটকা সংরক্ষণ কার্যক্রম এবং ২০ মে থেকে ২৩ জুলাই/২০২২ পর্যন্ত মোট ৬৫ দিন সমুদ্রে সব ধরণের | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। আগামী ২০ মে থেকে ২৩ জুলাই/২০২২ পর্যন্ত | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলনগর |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনা করা যায়নি। | থাকার জন্য অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশনঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলার সকল ট্যাগ অফিসারগণকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। সর্বস্তরে সুশাসন নিশ্চিতকরণ ও জনসেবার মান উন্নয়নের জন্য বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছে। সরকারী কর্মচারীদের জন্য বেতন-ভাতা অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করা হয়েছে। ফলে আমাদেরকে আরো আন্তরিকতার সহিত কাজ করতে হবে। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের ছাত্র ছাত্রী ঝরে পড়া রোধে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক শিক্ষার মানোন্নয়নে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। বিদ্যমান আইন ও বিধি বিধানের মধ্যে সরকারি সেবা ব্যবস্থার যে কোন উদ্ভাবনী কৌশল সভায় আলোচনা বা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের যাবতীয় কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য আহ্বান জানান।

তিনি আরো জানান যে, ক) অপ্রত্যাশিত খাতে পুনর্বাসনে ২,৫০,০০০/- টাকা ব্যয় হয়েছে এবং প্রাকৃতিক দুর্যোগে ২,৫০,০০০/- টাকা ব্যয় হয়েছে। খ) TO & E-তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৩,০০,০০০/- টাকা ব্যয় হয়েছে। গ) অফিস সরঞ্জমাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাতে ৫০,০০০/- টাকা ব্যয় হয়েছে। ঘ) ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ক্রয় বাবদ ১,০০,০০০/-টাকা ব্যয় হয়েছে। ঙ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ ৩,০০,০০০/-টাকা ব্যয় হয়েছে। চ) প্রকাশনা বাবদ ১,০০,০০০/-টাকা ব্যয় হয়েছে। ছ) বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ১,০০,০০০/- টাকা ব্যয় হয়েছে। জ) নিরাপত্তা খাতে আনসারদের জন্য ১,০০,০০০/-টাকা ব্যয় হয়েছে। উক্ত বিলগুলো সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ সভায় ব্যাপক আলোচনান্তে ক) অপ্রত্যাশিত খাতে পুনর্বাসন সংক্রান্ত বিল ২,৫০,০০০/- টাকা এবং প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত বিল ২,৫০,০০০/- টাকা খ) TO & E-তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত বিল ৩,০০,০০০/- টাকা। গ) অফিস সরঞ্জমাদি রক্ষণাবেক্ষণ/মেরামত সংক্রান্ত বিল ৫০,০০০/- টাকা ঘ) ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ক্রয় সংক্রান্ত বিল ১,০০,০০০/-টাকা ঙ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় সংক্রান্ত বিল ৩,০০,০০০/-টাকা চ) প্রকাশনা সংক্রান্ত বিল ১,০০,০০০/-টাকা ছ) বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত বিল ১,০০,০০০/- টাকা জ) নিরাপত্তা খাতে আনসারদের জন্য ব্যয়িত বিল ১,০০,০০০/-টাকা। উক্ত বিলগুলো উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি, উপজেলা পরিষদ সভায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সকল কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ করেন। এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় কমলনগর উপজেলাধীন ৩নং চর লরেন্স, ৮নং চর কাদিরা ও ৯নং তোরাবগঞ্জ ইউনিয়নের রোগীদের স্বল্পমূল্যে জরুরী এ্যাম্বুলেন্স সেবা প্রদানের নিমিত্ত ৮নং চর কাদিরা ইউনিয়ন পরিষদের অনুকূলে 'স্বপ্নযাত্রা এ্যাম্বুলেন্স' প্রদান বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, স্বপ্নযাত্রা এ্যাম্বুলেন্সটি জেলা প্রশাসক, লক্ষ্মীপুর মহোদয় কর্তৃক প্রদত্ত নীতিমালা মোতাবেক পরিচালিত হবে। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর উপজেলা পরিষদের পক্ষে চেয়ারম্যান, ৮নং চর কাদিরা ইউনিয়ন পরিষদ, কমলনগরের সাথে এ্যাম্বুলেন্স হস্তান্তর চুক্তি সম্পাদন করবেন।

বিবিধঃ

এছাড়া এপ্রিল/২০২২ মাসে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত নিম্নলিখিত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ

০১. উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের আপ্যায়ন বাবদ পরিশোধ-৩০,০০০/- টাকা।
০২. উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের বিবিধ খরচ বাবদ পরিশোধ-৫,০০০/- টাকা।
০৩. উপজেলা চেয়ারম্যান-এর ে মার্চ/২০২২ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-৪০,০০০/- টাকা।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান-এর মার্চ/২০২২ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৫. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)-এর মার্চ/২০২২ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৬. জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক এর মার্চ/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১৩,৭৫০/- টাকা।
০৭. জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক এর মার্চ/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১৩,৭৫০/- টাকা।
০৮. জনাব লক্ষন চন্দ্র দাস, মালী এর মার্চ/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১৩,৭৫০/- টাকা।
০৯. জনাব হারুনুর রশিদ, সুইপার এর মার্চ/২০২২ মাসের মজুরী বাবদ পরিশোধ-১২,৫০০/- টাকা।
১০. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের শারীরিক নিরাপত্তায় আনসার ভবন নির্মাণ বাবদ পরিশোধ-৬,৭৬,০২৭/-টাকা।
১১. এডিপি ২০২১-২২ অর্থ বছরে পত্রিকা বিজ্ঞপ্তি বিল বাবদ পরিশোধ-৮৩,০৪৪/-টাকা।
১২. এডিপি ২০২০-২১ অর্থ বছরে পত্রিকা বিজ্ঞপ্তি বিল বাবদ পরিশোধ-৭৭,৬৭৫/-টাকা।
১৩. উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ও উপজেলা পরিষদ হলরুম টাইলস বাবদ পরিশোধ-৬,৭৭,২৭৩/-টাকা।
১৪. স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন বাবদ অতিরিক্ত পরিশোধ-১,০০,০০০/-টাকা।

১৫. ২৬ শে মার্চ মহান জাতীয় দিবস/২০২২ উদযাপন বাবদ পরিশোধ-৫০,০০০/-টাকা।
১৬. ১৪২৯ বাংলা হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি/২০২২ আনুষাঙ্গিক ব্যয় বাবদ পরিশোধ-৫৮,২৮২/-টাকা।
১৭. ভূমি হস্তান্তর কর ১% মার্চ/২০২২ বাবদ প্রাপ্তি-১১,৩৯,৭০৯.২৪/-টাকা।
১৮. এপ্রিল/২০২২ মাস শেষে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতি-৩৪,৫০,২২১/- টাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মেজবাহ উদ্দিন আহম্মদ বাপ্পী)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

স্মারক নং ০৫.৪২.৫১৩৩.০০০.০২০.০০৮.২০২২-৩৫৫ তারিখ ঃ ১৯.০৫.২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ
০১. মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
০২. পরিচালক, স্থানীয় সরকার, চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম।
০৩. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপজেলা ....................কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
০৭. চেয়ারম্যান .................. (সকল) ইউ পি, কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. জনাব ..............................................

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।